৩

~~উন্নয়নের গণতন্ত্র~~
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-৬৫৬

তারিখ: ২৭.০৬.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ৩০ জুন ২০২৪ খ্রি: রোজ রবিবার বেলা ০১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। নব নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানদ্বয়ের দায়িত্ব গ্রহণ ও হস্তান্তর বিষয়ে আলোচনা।
০৩। প্যানেল চেয়ারম্যান-০১ ও ০২ গঠন এবং অনুমোদন সংক্রান্ত।
০৪। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৫। বিভাগীয় আলোচনা।
০৬। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৭। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৮। বিবিধ আলোচনা।
০৯। হাটবাজার সংক্রান্ত।

27/06/2024

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪-৬৫৬

তারিখ: ২৭.০৬.২০২৪ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

27/06/2024

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুন ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোফাজ্জল হোসেন ভূঞা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ৩০ জুন ২০২৪ খ্রি.
সময় : বেলা ০১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কেন্দুয়া উপজেলায় ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়ে উপজেলা চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করায় উপজেলা পর্যায় সকল কর্মকর্তা-কর্মচারী এবং সর্বস্তরের জনগনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহবান জানান। সেই সাথে সদ্য বিদায়ী উপজেলা চেয়ারম্যান এর বিগত ০৫(পাঁচ) বছর কাজের বিভিন্ন স্মৃতিচারণ করেন এবং তাঁর সুস্থতা কামনা করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্যবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া সভায় বলেন যে, এলজিডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা যেতে পারে। মোজাফরপুর আশ্রয়ণ কেন্দ্রের একটি রাস্তা রয়েছে সেটি আইডিভুক্ত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। মাসিক সাধারণ সভায় সকল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। তাই মাসিক সাধারণ সভায় সকল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। জন্মনিবন্ধন শতভাগ করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কাঙ্খিত সহযোগিতা পাওয়া যাচ্ছে না ফলে শতভাগ জন্মনিবন্ধ কাজ করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের সমন্বয়ে কারা জন্ম নিবন্ধন ব্যতিত টিকা নিচ্ছে তাদের তালিকা এবং বিভিন্ন ক্লিনিকের কাছ থেকে গর্ভবর্তী মায়েদের তথ্য সংগ্রহ করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও প্রাতিষ্ঠানিক ডেলিভারী ও প্রসূতী সেবা সংক্রান্ত তথ্য প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগকে অনুরোধ করা হয়। পাশাপাশি এ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য প্রাইভেট ক্লিনিক/ডায়গনস্টিক সেন্টারগুলোকে পত্র দেয়ার আলোচনা করেন। তিনি আরও জানান যে, পূর্বের থানা নির্বাহী কর্মকর্তার ব্যবহৃত জীপ গাড়ীটি অকেজো অবস্থায় দীর্ঘ যাবৎ পরে রয়েছে ফলে গাড়ীর অনেক যন্ত্রাংশ নষ্ট এবং চুরি হয়ে যাচ্ছে। তাই জীপ গাড়ীটি উপজেলা পরিষদে সংরক্ষণ করার প্রস্তাব করেন। | বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। মোজাফরপুর আশ্রয়ণ কেন্দ্রের রাস্তা আইডিভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কারা জন্ম নিবন্ধন ব্যতিত টিকা নিচ্ছে এবং ক্লিনিকের মাধ্যমে গর্ভবর্তী মায়েদের তালিকা অত্র কার্যালয়ে প্রতি মাসের ২৫তারিখের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রাইভেট ক্লিনিক/ডায়গনস্টিক সেন্টারগুলোকে ডেলিভারী ও প্রসূতী রোগীদের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। জীপ গাড়ীটি উপজেলা পরিষদে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, জন্মনিবন্ধন ব্যতিত কারা টিকা নিচ্ছে তাদের তালিকা দ্রুতই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেওয়া হবে। প্রতি মাসের ২৫তারিখের মধ্যে নবজাতক শিশুদের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদান করা হবে। হাসপাতালের গেইট ও সিসি ক্যামেরা মেরামত করে সম্পূর্ণ সচল করা হয়েছে। | প্রতি মাসের ২৫তারিখের মধ্যে নবজাতক শিশুদের তালিকা জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির বরাদ্দকৃত টাকায় গৃহিত পিআইসি ও টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে। বিগত ১২ জুন ২০২৪ তারিখে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২শাখা ৬৮৭নং স্মারক মূলে উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বিভিন্ন কাজের জন্য বরাদ্দকৃত ১৫লক্ষ টাকা দিয়ে উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিস মেরামত, পাবলিক লাইব্রেরী উন্নয়ন ও অন্যান্য কাজ আরএফকিউ পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে। তাছাড়া সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলায় যদি কোনো রাস্তায় নতুন আইডভূক্ত করার প্রয়োজন হয় তাহলে উপজেলা প্রকৌশলীর দপ্তরে জরুরি ভিত্তিতে তালিকা | উপজেলা প্রকৌশলী নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন রাস্তা আইডিভুক্ত করার যথাযথ প্রক্রিয়া গ্রহণ করবেন। বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জমা দেওয়ার আহবান করেন। এলজিডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রক্রিয়া চলমান। | | |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | নিয়মিত কাযক্রম: আসন্ন খরিপ-২ মৌসুমে রোপাআমন বীজতলার লক্ষ্যমাত্রা ১০১০ হেক্টর ও আবাদ লক্ষ্যমাত্রা পূরণ করতে শতভাগ আদর্শ বীজতলা ও যথাসময়ে রোপনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাযক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৪৮, ব্রিধান ৮৫, ব্রিধান ৯৮, বিনা ১৯, বিনা ২১সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কাযক্রম সম্পন্ন হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। অর্থবছরের সংশ্লিষ্ট সকল কাযক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>কৃষি প্রণোদনা কাযক্রম: ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৪-২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১৫০০ জনকে উফশী রোপাআমন ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ উদ্দেশ্যে তালিকা তৈরীর কাযক্রম চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য নিয়মিত অভিযান/মোইবল কোর্ট চলমান রয়েছে। জালিয়ার হাওরে চায়না দুয়ারীসহ কিছু নিষিদ্ধ জাল মোবাইল কোর্টের মাধ্যমে আটক করে আগুনে পুড়ানো হয়েছে এজন্য উপজেলা প্রশাসন, পুলিশ বাহিনী ও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল নার্সারী কাযক্রমের ধারাবাহিকতায় কালিয়ান বিলে পোনা অবমুক্ত করা হবে। উন্মুক্ত জল্যাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের টিআর-কাবিটা/কাবিখা'র কাজ সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। তিনটি এইসবিবি প্রকল্পের কাজ সুন্দর ভাবে সমাপ্ত হয়েছে। তিনটি ব্রীজের কাজ ৮০% সম্পন্ন হয়েছে; বর্ষার কারনে কাজ শেষ হয়নি; খুব দ্রুতই কাজ শেষ হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের বরাদ্দ ১৬২৫ জনের বরাদ্দকৃত চলমান জুন/২৪ ডিও প্রদান করা হয়েছে। ১৩টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচি ভাতা বিতরণকৃত কার্ড সংখ্যা বৃদ্ধি পাওয়া যায় মে/২৪ ও জুন/২৪ প্রতি ইউনিয়ন মাসে ২০জন করে বরাদ্দকৃত অনুমোদিত হয়। পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচি ভাতা বিতরণকৃত কার্ড সংখ্যা বৃদ্ধি পাওয়া যায় মে/২৪ ও জুন/২৪ মাসে ৪০জন করে বরাদ্দকৃত অনুমোদিত হয়। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৮. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৬০। খাবার বড়ি গ্রহণকারী ২৯১৩৮। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৪৫৯। কনডম গ্রহণকারী ২০২০। আই ইউ ডি গ্রহণকারী ১৫১১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৪১ স্থায়ী পদ্ধতি ভেসেক্টমি গ্রহীতা ২০৭৯ ও টিউবেটমি গ্রহীতা ৬২৫০জন দম্পতি। মোট পদ্ধতি গ্রহীতা ৪৭৪১৯জন দম্পতি। গত জানুয়ারী/২৪ মাস থেকে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর পর্যাপ্ত সরবরাহ পাওয়া যাচ্ছেনা বিধায় স্বাভাবিক কাযক্রম ব্যাহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | | |
| ৯ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ খেলা সরকারি প্রথমিক বিদ্যালয়ে টুর্নামেন্ট চলমান রয়েছে। দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | বঙ্গবন্ধু গোল্ডকাপ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সকলকেই সহযোগিতা করার অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, ডিসেমিশন স্কিম এর আওতায় ১০.০৬.২০২৪ইং তারিখ হতে ১৪.০৬.২০২৪ তারিখ পযন্ত ডিজিটাল টেকনোলজি জীবন জীবিকা বিষয়ে মোট ১৪৯জন শিক্ষকের প্রশিক্ষণ যথাযথভাবে সমাপ্ত হয়েছে। দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এপিএ চুক্তি অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে ৪২০জন বেকার যুবকে যুবক/যুব নারীকে ২৪ লক্ষ ৯০ হাজার টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে এবং অত্র উপজেলায় আদায়ের হার ৯৪%। মোট খেলাপী টাকার পরিমাণ ১৩,১২,৬৪৮/-। উক্ত খেলাপী ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার কাযক্রম শেষ হয়েছে। বয়স্ক ভাতার আবেদন পড়েছে ২৪৫৭ বিধবা ভাতার আবেদন ২৬৮৬ প্রতিবন্ধী ভাতার আবেদন পড়েছে ১১৩৪। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কাযক্রম শুরু করতে হবে। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা .<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। এ পযন্ত আদায় ১,২৯,০০,০০০.০০টাকা। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। ২০২৩-২৪ অর্থ বছরে অত্র শাখায় আয় ১,১২,৬৩,৩৮২/-এবং ব্যয় ৯৪,৯৩,১৮৪/-মোট লাভ ১৭,৭০,১৯৮/- দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৪. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। আশ্রয়ন প্রকল্পের মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত আশয়ন প্রকল্পের পযন্ত ০৬(ছয়)টি সমিতি নিবন্ধিত হয়েছে। একটি নিবন্ধনের কাজ চলমান। সরকারী ঋণ বরাদ্দ পেলে যথাযথ প্রশিক্ষন সাপেক্ষে নির্দেশনা অনুযায়ী আশ্রয়নবাসীদের মধ্যে ঋন প্রদান করা হবে। | খেলাপি ঋণ আদায়ে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। নতুন ঋণ দেওয়ার ক্ষেত্রে পূর্বের ঋণ খেলাপি আছে কিনা যাচাই করে নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫. | তথ্য সেবা কর্মকর্তা | তথ্য আপা সভায় বলেন যে, মহিলা উদ্যোক্তাকে নিয়ে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। নিয়মিত উঠান বৈঠকের মাধ্যমে অবহেলিত নারীদেরকে বিভিন্ন বিষয়ে সচেতন করা হচ্ছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১৬. | তথ্য ও যোগাযোগ | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত | সকল দপ্তর প্রধানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রযুক্তি অধিদপ্তর | আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৭. | চেয়ারম্যান গড়াডোবা | চেয়ারম্যান, গড়াডোবা ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, সভায় জানান যে, জন্ম নিবন্ধ কাজের জন্য স্বাস্থ্য কর্মীরা যোগাযোগ করলে শতভাগ সহযোগিতা করা হবে নিবন্ধন কাজে। রেন্টিতলা হতে সান্দিকোনা রাস্তা খুবই খারাপ দ্রুত মেরামত করা প্রয়োজন। বিভিন্ন সময়ে কৃষি অফিসে কৃষকদের জন্য বিভিন্ন প্রনোদনা আসে তা যেন সমহারে বণ্টন করা হয় যাতে করে প্রকৃত কৃষকরা উক্ত প্রনোদনা পায়। গত অর্থবছরের জনস্বাস্থ্য অফিস কর্তৃক টেন্ডারকৃত গভীর নলকূপ স্থাপনের কাজ শেষ হলেও এখনো পাকাকরনের কাজ সম্পন্ন হয়নি। | সংশ্লিষ্ট দপ্তর উল্লেখিত সমস্যা সমাধানের চেষ্টা করবেন। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান গড়াডোবা ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | চেয়ারম্যান, দলপা ইউপি | চেয়ারম্যান, দলপা ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, সভায় জানান, যে গত অর্থবছরের জনস্বাস্থ্য অফিস কর্তৃক টেন্ডারকৃত গভীর নলকূপ স্থাপনের কাজ শেষ হলেও এখনো পাকাকরনের কাজ ও পানির ট্যাংকি সরবরাহ করা হয়নি। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে জানান। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), চেয়ারম্যান দলপা |
| ১৯. | চেয়ারম্যান, পাইকুড়া ইউপি | চেয়ারম্যান, পাইকুড়া ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা সভায় জানান চিরাং ইউনিয়ন পরিষদ হতে মিঞা হোসেন রাস্তায় মোক্তারাম খালের উপরে কালভার্ট নির্মান কাজ সম্পন্ন হলও দুই পাশে মাটি ভরাট করা হয়নি। এতে পথচারীদের দুর্ভোগ হচ্ছে। রোয়াইলবাড়ী হতে শিমুলতলী রাস্তায় কিছু গর্ত রয়েছে তা দ্রুত মেরামত করা প্রয়োজন। | উপজেলা প্রকৌশলী এলজিইডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, চেয়ারম্যান পাইকুড়া |
| ২০. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা সভায় জানান রোয়াইলবাড়ী রাস্তায় কিছুদিন পূর্বে একটি ভেকু নিয়ে যাওয়ার সময় ব্রীজ ভেঙ্গে গিয়েছে এতে যানবাহন চলাচলে বিঘ্ন হচ্ছে। | উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি.চেয়ার ম্যান রোয়াইলবাড়ী |
| ২১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবস্থা খুবই খারপ। রোগীদের থাকার জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন নয় এবং তাদের সাথে কথা বলে জানা যায় স্টাফের সল্পতা রয়েছে। তা সমাধানের সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| বিবিধ -১ | | চেয়ারম্যান উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. জীপগাড়ী খ-১১০০৩২এর সার্ভিসিং বাবদ ৫,৯০৭/- চেক নং-৭১৮৩৭৮৬ তারিখ: ০২.০৬.২৪মূলে জনাব জহির রানা, জীপ গাড়ী চালক, উপজেলা পরিষদ নামে প্রদান করা হয়। ভ্যাট বাবদ ৪৯৫টাকা ও আয়কর বাবদ ১৯৮ যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৭৮৭,৭১৮৩৭৮৮ তারিখ: ০২.০৬.২৪মূলে প্রদান। ০২. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ইউপি-২ শাখার ২৩ নভেম্বর ২০২০ তারিখের ৪৬.০১৭.০১৮.০০.০০.০০৯.২০১১-৫২৯ স্মারকে প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদের কর্মচারীগণের বেতন-ভাতার ইউপি অংশের পরিশোধের ক্ষেত্রে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হতে সংকুলান না হলে, হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% হতে প্রদানের নির্দশনা রয়েছে। এ প্রেক্ষিতে ২৪ জুলাই ২০২৩ তারিখের উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা এর ০৩.০৬.২০২৪ তারিখের ৪৬.০৪৫.০১৮.০১.৫৭.০৫৭.২০১৬-৪৫৮ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কেন্দুয়া উপজেলার ইউপি সচিব ও গ্রাম পুলিশগণের বকেয়া বেতন-ভাতার সর্বমোট ৩৬,১০,২৩১/-(ছত্রিশ লক্ষ দশ হাজার দুইশত একত্রিশ) টাকা ক্রসড চেক নং-৭১৮৩৭৮৯, তারিখ: ১০.০৬.২০২৪ মূলে হিসাব নং এসটিডি-৮০, সোনালী ব্যাংক কেন্দুয়া শাখায় প্রদান। ০৩. স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের নির্দেশক্রমে ২২,৩৭৫টাকা চেক নং-৭১৮৩৮১৯, তারিখ-২৫.০৬.২০২৪, জনাব মো: আব্দুল বারী, অফিস সহকারী, ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান। ভ্যাট বাবদ ১৮৭৫টাকা ও আয়কর বাবদ ৭৫০ যথাক্রমে ক্রসড | ০১ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের জীপগাড়ী মেরামত খাত হতে, ২, ৩ ও ৪ নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এবং ৫নং ক্রমিকেক খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল কম্পিউটার মেরামত খাত হয়ে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | চেক নং ৭১৮৩৮২০,৯২১৮২৯৮ তারিখ: ২৫.০৬.২৪ মূলে প্রদান। ০৪. হাট-বাজার ইজারা/১৪৩১ বাংলা সনের বিভিন্ন খরচ বাবদ ৮০,১০২টাকা চেক নং-৭১৮৩৮২১, তারিখ-২৫.০৬.২০২৪, জনাব মো: আব্দুল বারী, অফিস সহকারী, ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান। ভ্যাট বাবদ ৬,৭১৩টাকা ও আয়কর বাবদ ২,৬৮৫ যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮২২,৭১৮৩৮২৩ তারিখ: ২৫.০৬.২৪ মূলে প্রদান। ০৫.উপজেলা পরিষদের কাম্পিউটারের টুনার, টুনার ড্রাম সার্ভিসিং বাবদ চেক নং-৭১৮৩৮৪৩, তারিখ: ২৫.০৬.২০২৪ মূলে ১৪,১৪১/-টাকা জনাব আমান উল্লাহ, সিএ উপজেলা পরিষদকে প্রদান করা হয়েছে। ভ্যাট বাবদ ১১৮৫টাকা ও আয়কর বাবদ ৪৭৪ যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৪৪,৭১৮৩৮৪৫ তারিখ: ২৫.০৬.২৪ মূলে প্রদান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২৪
(মোফাজ্জল হোসেন ভূঞা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ৩০ জুন ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৬৪২
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

৩০/০৬/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ৩০ জুন ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৬৪২
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা .......................................... কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান .......................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

৩০/০৬/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা